৫৮

দৈনিক সংবাদ

তারিখ ... 07 .JAN 1998.. ...
পৃষ্ঠা ·১২ কলাম ···৮······

# কুমিল্লা বোর্ড ঃ ২৩৯৪ জন পরীক্ষার্থীর ফল প্রকাশ

॥ নূরুর রহমান ॥

কুমিল্লা, ৬ই জানুয়ারি।– কুমিল্লা বোর্ডের এইচএসসি'র স্থগিত ৩ হাজার ৯শ' ১১ জন পরীক্ষার্থীর মধ্যে আজ ২ হাজার ৩শ' ৯৪ জন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ করা হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রক ৩৩টি কলেজের এই ফলাফল প্রকাশ করেন।

অনুমতিবিহীন কলেজ পরিবর্তনসহ বিভিন্ন অনিয়মের কারণে ৩ হাজার ৯শ' ১১ জন পরীক্ষার্থীর ফলাফল বোর্ড বাতিল করে দেয়। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে সাড়ে ৩ মাস পর এই ৩ হাজার ৯শ' ১১ জনের ফলাফল প্রকাশ করলো।